

রাষ্ট্রপতির কার্যালয়
জন বিভাগ
বঙ্গভবন, ঢাকা

১৩৭

বিষয়: ২০২৩-২৪ অর্থ বছরের নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।


সভাপতি : সম্পদ বড়ুয়া
সচিব
জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
সভার সময় ও তারিখ : ১৬ আগস্ট ২০২৩, সকাল ১১:০০ টা
স্থান : লাইব্রেরি কক্ষ (পিজিআর ভবন)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব ২০২৩-২০২৪ সালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কার্যক্রমভিত্তিক বিবরণ উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(১)	(২)	(৩)	(৪)
১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা			
১.১। নৈতিকতা কমিটির সভা	প্রতি কোয়ার্টারের শুরুতেই এ কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভা আহ্বান করার বিষয়ে আলোচনা হয়।	পরবর্তী নৈতিকতা কমিটির সভা ২য় কোয়ার্টারের শুরুতে অক্টোবর ২০২৩ মাসে অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে।	প্রশাসন শাখা
১.৪। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ	২০২৩-২৪ অর্থ বছরে কর্ম-পরিকল্পনা অনুযায়ী ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির ৫২ জন কর্মচারীর জন্য ২য় ও ৪র্থ কোয়ার্টারে অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	২য় কোয়ার্টারের অভ্যন্তরীণ প্রশিক্ষণ অক্টোবর ২০২৩ মাসে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ প্রশিক্ষণে শুদ্ধাচার বিষয়টি অন্তর্ভুক্ত থাকতে হবে।	প্রশাসন শাখা
১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/ নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি)	উন্নত কর্ম-পরিবেশ: পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ করার জন্য সেবা শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করা হয়।	উন্নত কর্ম-পরিবেশ তৈরির লক্ষ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি করতে হবে এবং ৪র্থ শ্রেণির কর্মচারীদের প্রাপ্যতা অনুযায়ী দাপ্তরিক পোষাক সরবরাহ করতে হবে।	সেবা শাখা
২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন			
২.১ ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ১৫/০৯/২০২২ তারিখে এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা এবং তা দৃশ্যমান রাখার বিষয়ে আলোচনা হয়।	২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ১৫/০৯/২০২২ তারিখে এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	আইসিটি শাখা

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(১)	(২)	(৩)	(৪)
২.২ অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের)	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী ১ম কোয়ার্টারে বার্ষিক ক্রয়-পরিকল্পনার বাস্তবায়ন সংক্রান্ত লক্ষ্যমাত্রা ছিল ১০%। ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আলোচনা হয়।	১ম কোয়ার্টারে বার্ষিক ক্রয়-পরিকল্পনার বাস্তবায়ন সংক্রান্ত লক্ষ্যমাত্রা (১০%) অর্জনের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।	সেবা শাখা
৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম			
৩.২ নথিসমূহের শ্রেণিবিন্যাস হালনাগাদকরণ	এ বিভাগের বিভিন্ন শাখার নথিসমূহের শ্রেণিবিন্যাস করার বিষয়ে ২য় ও ৪র্থ কোয়ার্টারে যথাক্রমে ২৫% ও ৫০% লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। প্রতিটি শাখায় কতটি নথি শ্রেণিবিন্যাস করা হয়েছে তা পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।	এ বিভাগের প্রতিটি শাখায় কতটি নথি শ্রেণিবিন্যাস করা হয়েছে তার শাখাভিত্তিক তালিকা প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করতে হবে। শ্রেণিবিন্যাসকৃত নথির শতকরা হারও উল্লেখ করতে হবে।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
৩.৩ ওয়েবসাইট হালনাগাদকরণ	রাষ্ট্রপতির কার্যালয়ের ওয়েবসাইট হালনাগাদ কার্যক্রম মনিটর করার নিমিত্ত জন বিভাগের যুগ্মসচিব এর নেতৃত্বে জন বিভাগ ও আপন বিভাগের কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত কমিটির এক সভা গত ১০/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে মর্মে জানানো হয়।	কমিটি রাষ্ট্রপতির কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ কার্যক্রম মনিটর করবে।	আইসিটি শাখা
৩.৪ পদোন্নতিযোগ্য শূন্যপদ পূরণ	সভায় জানানো হয় যে, এ বিভাগের পদোন্নতিযোগ্য ২টি পদে (ডেসপাচ রাইডার ও বার্তাবাহক) পদোন্নতি প্রদানের লক্ষ্যে বিভাগীয় বাছাই কমিটির (ডিপিসি) সভা শীঘ্রই আহ্বান করা হবে।	পদোন্নতিযোগ্য ২টি পদে (ডেসপাচ রাইডার ও বার্তাবাহক) পদোন্নতির কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।	প্রশাসন শাখা

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(সম্পদ বড়ুয়া)

সভাপতি

নেতিকতা কমিটি

ও

সচিব

জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়

বঙ্গভবন, ঢাকা